মোস্তাফা জব্বার
মন্ত্রী
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Mustafa Jabbar
Minister
Ministry of Posts, Telecommunications & IT
Government of the People's Republic of Bangladesh

উপানুষ্ঠানিক পত্র নং-৫৬.০০.০০০০.০০১.৯৯.০০৪.১৫-২৮ তারিখঃ ১০/০৪/১৮

জেলা প্রশাসক

....

প্রিয় জেলা প্রশাসক

আমার সালাম ও শুভেচ্ছা নিবেন।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক সারা দেশে শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্পের আওতায় দেশের ২৯০১টি শিক্ষা প্রতিষ্ঠানে "শেখ রাসেল ডিজিটাল ল্যাব" স্থাপন করা হয়েছে। এ বছর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আরও ১০৬৯টি নতুন কম্পিউটার ল্যাব স্থাপন করা হবে।

উল্লেখ্য যে, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ইতোপূর্বে স্থাপিত ল্যাবগুলোর কার্যকারিতা এবং সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে বিগত ২ অক্টোবর, ২০১৬ খ্রিঃ তারিখে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং বাংলাদেশের সর্ববৃহৎ তরুণদের প্ল্যাটফর্ম CRI (Centre For Research & Information) প্রবর্তিত Young Bangla এর মধ্যে সমঝোতা স্মারক (MOU) স্বাক্ষরিত হয়। পরবর্তিতে গত ১৫ মার্চ, ২০১৮ খ্রিঃ তারিখে আরও ২ (দুই) বছর অর্থাৎ আগামী ২০ জুন, ২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত MOU বর্ধিত করা হয়েছে। এই সমঝোতা স্মারক অনুসারে Young Bangla প্রত্যেকটি শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবকে কার্যকরভাবে ব্যবহারের লক্ষ্যে কো-অর্ডিনেটর ও ভলান্টিয়ারের দায়িত্ব পালন করবেন এবং ল্যাবগুলোর সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণসহ প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করবেন।

এ পরিপ্রেক্ষিতে সারা দেশে যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে "শেখ রাসেল ডিজিটাল ল্যাব" স্থাপিত হয়েছে, সেসব প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক, আইসিটি শিক্ষক, Young Bangla এর কো-অর্ডিনেটর, শিক্ষার্থী এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে নেটওয়ার্কিং মিটিং ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হয়েছে। এরই ধারাবাহিকতায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক "শেখ রাসেল ডিজিটাল ল্যাব, কেন্দ্রীয় সমন্বয়কারী টিম" গঠন করা হয়। পরবর্তীতে কম্পিউটার ল্যাবগুলোকে স্ব-নির্ভর ও স্থানীয় সাইবার কেন্দ্র হিসেবে গড়ে তোলা এবং জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক কর্তৃক প্রদত্ত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি পাঠ্যক্রমে ব্যবহারিক দক্ষতা উন্নয়নে তথা ছাত্রছাত্রীদের প্রযুক্তিগত সহায়তা প্রদানের বিষয়ে কেন্দ্রীয় সমন্বয়কারী টিম এর নিকট মতামত চাওয়া হয়। বিগত ২৯ মে, ২০১৭ খ্রিঃ তারিখে সমন্বয়কারী টিম কর্তৃক প্রস্তাবনা দাখিল করা হয়, যা শিক্ষা অধিদপ্তর, সকল শিক্ষাবোর্ড এবং অন্যান্য স্টেক হোল্ডারদের নিকট সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

কেন্দ্রীয় সমন্বয়কারী টিম এর প্রস্তাবনা অনুযায়ী বাংলাদেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবে ছাত্রছাত্রীদের পাশাপাশি বেকার তরুণ-তরুণীরা আইসিটি দক্ষতা বৃদ্ধির জন্য নাম মাত্র মূল্যে প্রশিক্ষণের সুযোগ পাবে। প্রশিক্ষণের জন্য কনটেন্ট কেন্দ্রীয় সমন্বকারী টিম অথবা তাদের মাধ্যমে বাছাইকৃত প্রতিষ্ঠানসমূহ তৈরি করবে। পরবর্তীতে উক্ত সৃজনশীল কনটেন্ট ব্যবহার করে শিক্ষা প্রতিষ্ঠানের আইসিটি শিক্ষক এবং ল্যাব কো-অর্ডিনেটরগন প্রশিক্ষণ পরিচালনা করবে। একটি কেন্দ্রীয় মনিটরিং টুল প্রশিক্ষণসহ আর্থিক বিষয়ে সরাসরি তদারকীর দায়িত্ব পালন করবেন।

শিক্ষামন্ত্রনালয়ের জারিকৃত শিক্ষা প্রতিষ্ঠান ল্যাব পরিচালনা নীতিমালা ২০১২ এর ১৩, ১৫ এবং ১৬ নং নির্দেশনার আলোকে কম্পিউটার ল্যাবগুলোর কার্যক্রম গতিশীল করতে হবে। এছাড়া প্রোগ্রামিং ও প্রজেক্ট ডেভেলপমেন্ট ইত্যাদি বিষয়ে ছাত্রছাত্রী ও তরুণ-তরুণীদের দক্ষতা বৃদ্ধি করতে হবে। এমতাবস্থায় ল্যাব পরিচালনা নীতিমালা ২০১২ এর ১৩, ১৫ এবং ১৬ নং অনুযায়ী প্রস্তুতকৃত গাইডলাইন অনুযায়ী (কপি সংযুক্ত) আপনার জেলার যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে সেই সকল ল্যাবের প্রশিক্ষণ কার্যক্রম CRI-Young Bangla এর মনোনীত প্রতিনিধিদের সাথে সমন্বয় করে পরিচালনার জন্য অনুরোধ করছি।

আপনার আন্তরিক সহযোগীতার জন্য ধন্যবাদ।

শুভেচ্ছান্তে

মোস্তাফা জব্বার

অনুলিপিঃ

১। মহাপরিচালক ,তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ।

২।প্রকল্প পরিচালক, সারাদেশে শিক্ষা প্রতিষ্ঠানে কপম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প ।

৩। সকল জেলা শিক্ষা অফিসার ।

৪। সকল উপজেলা নির্বাহী অফিসার ।

শেখ রাসেল ডিজিটাল ল্যাব রক্ষণাবেক্ষণ এবং প্রশিক্ষণ পরিচালনা সংক্রান্ত গাইডলাইন

সরকারের রূপকল্প-২০২১ বাস্তবায়নের নিমিত্ত ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে সরকার এ খাতকে বিশেষ গুরুত্বারোপ করে জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সর্বব্যাপী প্রয়োগ ও ব্যবহারে কারিগরী সহায়তা নিশ্চিতকরণ; তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সুবিধা সমূহ প্রান্তিক পর্যায়ে পৌঁছানো, অবকাঠামো নিরাপত্তা বিধান ও রক্ষণাবেক্ষণ ও কম্পিউটার পেশাজীবীদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে দেশের প্রত্যন্ত অঞ্চলে ই প্রদান নিশ্চিত করারসা র্ভিস লক্ষ্যে সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপনের কার্যক্রম হাতে নেওয়া হয়। এরই ধারাবাহিকতায় ইতোমধ্যে ২৮০১ টি শিক্ষা প্রতিষ্ঠানে "শেখ রাসেল ডিজিটাল ল্যাব" এবং ১০০টি প্রাথমিক বিদ্যালয়ে " শেখ রাসেল ডিজিটাল ক্লাশরুম" স্থাপন করার কাজ সম্পন্ন হয়েছে এবং চলতি অর্থবছরে আরো ৬৯ টি শিক্ষা প্রতিষ্ঠানে "শেখ রাসেল ডিজিটাল ল্যাব" স্থাপনের কাজ চলমান। এছাড়া ২০১৭-১৮ অর্থবছরে আরও ১০০০টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাব সমূহ যথারীতি চালু রাখা, এর সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা এবং স্থাপিত যন্ত্রপাতি সমূহ সচল রাখার লক্ষ্যে নিম্নরূপ গাইডলাইন প্রণয়ন করা হলোঃ

১। আইসিটি অধিদপ্তর এর আওতাধীন সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্পের আওতায় সারাদেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবগুলো সরকারের তত্ত্বাবধানে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব সম্পত্তি হিসেবে গন্য হবে এবং ল্যাব পরিচালনা, সংরক্ষণ, মেরামতের সকল দায়িত্ব সংশ্লিষ্ট প্রতিষ্ঠান পালন করবে। কোন ইকুইপমেন্ট বা তার যন্ত্রাংশ বিকল হলে/হারানো গেলে প্রতিষ্ঠান তাৎক্ষণিক মেরামত করবে, ব্যয়ভার প্রতিষ্ঠানই বহন করবে।

২। ল্যাব পরিচালনার সামগ্রিক দায়িত্বে থাকবেন প্রতিষ্ঠান প্রধান। তবে প্রতিষ্ঠান প্রধানের লিখিত আদেশে কম্পিউটার শিক্ষক প্রতিষ্ঠান প্রধানের দায়িত্ব পালন করতে পারবেন। কম্পিউটার শিক্ষক না থাকলে প্রতিষ্ঠান প্রধান কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত একজন দক্ষ শিক্ষককে দায়িত্ব প্রদান করতে পারবেন এবং গুরুত্বপূর্ণ সিদ্ধান্তের ক্ষেত্রে ল্যাব পরিচালনা কমিটির মতামত প্রাধান্য পাবে।

৩। SDG লক্ষ্যসমূহ অর্জনে শিক্ষার গুনগত মান অর্জন একটি প্রধান নিয়ামক। প্রতিষ্ঠানের সকল শ্রেণীর শিক্ষার্থী ও শিক্ষক নিয়মিত ল্যাব ব্যবহার করবেন। এছাড়া প্রতিষ্ঠান প্রধান, বা দায়িত্ব প্রাপ্ত শিক্ষক প্রতিষ্ঠান প্রধানের অনুমোদনক্রমে শিক্ষার্থীদের ল্যাব ব্যবহারের সময়সূচি নির্ধারণ করবেন।

৪। কম্পিউটার ল্যাবগুলোকে মাল্টিমিডিয়া ক্লাশরুম হিসেবে গড়ে তুলতে হবে। সকল শিক্ষার্থী প্রতি সপ্তাহে বিভিন্ন বিষয়ে যুক্তিসঙ্গত সংখ্যক ক্লাশ ল্যাব ভেন্যুর মাল্টিমিডিয়া ক্লাশরুমে করবে। ক্লাশরুটিনে ভেন্যু উল্লেখ থাকবে।

৫। সরকারের স্বার্থ সংশ্লিষ্ট কোন কাজে ল্যাব ব্যবহারের প্রয়োজন হলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ জেলা পর্যায়ে জেলা প্রশাসক এবং উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।

মোস্তফা জব্বার
মন্ত্রী
ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার